

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০১৫.২৩-০৬

তারিখ : ১৯ পৌষ ১৪৩০
৩ জানুয়ারি ২০২৪

বিষয় : নোয়াখালী জেলার হাতিয়া সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ সাব-রেজিস্ট্রি অফিসে বদলির আদেশপ্রাপ্ত] জনাব তাজনুভা জান্নাত-কে মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে সংযুক্তকরণ।

সূত্র : নিবন্ধন অধিদপ্তর-এর স্মারক নম্বর : ১০.০৫.০০০০.০০১.৯৯.০০১.২৩-৬৯৫, তারিখ : ০৮-১১-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব তাজনুভা জান্নাত, নোয়াখালী জেলার হাতিয়া সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ সাব-রেজিস্ট্রি অফিসে বদলির আদেশপ্রাপ্ত]-আপনাকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি আপনি নোয়াখালী জেলার হাতিয়া সাব-রেজিস্ট্রি অফিস হতে কর্মমুক্ত ও দায়িত্ব হস্তান্তর এবং বদলীকৃত কর্মস্থলে যোগদান করেননি। এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর আওতাভুক্ত এবং একই বিধিমালায় আওতায় শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর : ০৭/২০২৩ রুজু করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, বর্ণিত বিভাগীয় মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে আপনাকে মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-এর কার্যালয়ে নির্দেশক্রমে সংযুক্ত করা হলো।

স্বাঃ

(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪১০৫২১৭২


জনাব তাজনুভা জান্নাত
সাবেক সাব-রেজিস্ট্রার
হাতিয়া, নোয়াখালী।
[বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, মহাপরিদর্শক নিবন্ধন-এর কার্যালয়, ঢাকা]

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০১৫.২৩-০৬/১(৫)

তারিখ : ০৩-০১-২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়-এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সচিব মহোদয়-এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬. অফিস কপি/গার্ড ফাইল।


০৬/০১/২০২৪
(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব